# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২৬১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৭. ইলমের ভিত্তিতে আমল করা এবং এতে নিয়ত সহীহ রাখা

بَابُ الْعَمَلِ بِالْعِلْمِ وَحُسْنِ النِّيَّةِ فِيهِ

---

### আরবী

أَخْبَرَنَا يَعْلَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَوْنٍ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ عِيسَى، قَالَ: قَالَ ابْنُ مَسْعُودٍ: «لَا تَعَلَّمُوا الْعِلْمَ لِثَلَاثٍ لِتُمَارُوا بِهِ السُّفَهَاءَ، وَتُجَادِلُوا بِهِ الْعُلَمَاءَ، وَلِتَصْرِفُوا بِهِ وُجُوهَ النَّاسِ إِلَيْكُمْ، وَابْتَغُوا بِقَوْلِكُمْ مَا عِنْدَ اللَّهِ، فَإِنَّهُ يَدُومُ وَيَبْقَى وَيَنْفَدُ مَا سِوَاهُ

في إسناده محمد بن عون وهو متروك. وباقي رجاله ثقات

### বাংলা

২৬১. ইবরাহীম ইবনু মুসা বলেন, ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “তোমরা এ তিনটি উদ্দেশ্যে ইলম শিক্ষা করো না: ১. এর (জ্ঞানের) মাধ্যমে মুর্খদের সঙ্গে ঝগড়া-বিবাদ করার জন্য, ২. এর মাধ্যমে আলিমগণের সাথে তর্ক-বিতর্ক করার জন্য, ৩. এর মাধ্যমে লোকদের চেহারা (দৃষ্টি/মনযোগ) তোমাদের দিকে আকর্ষণ করার জন্য। আর তোমাদের কথার মাধ্যমে আল্লাহর নিকট যা রয়েছে , তা (অর্থাৎ সাওয়াব) প্রত্যাশা কর। কারণ, তা-ই স্থায়ী ও অবশিষ্ট থাকবে। আর তা ব্যতীত সবকিছুই নিঃশেষ হয়ে যাবে।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এ সনদে মুহাম্মদ ইবনু আউন রয়েছে, সে মাতরুক (পরিত্যক্ত রাবী)। অন্যান্য রাবীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাককিহ নং ৮১০; আরও দেখুন জামিই’ বায়ানিল ইলম, নং ২৫৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69572

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন